Reg.No-S-5460(574)/06
NGO AB-3142/2018

নিয়োগ বিজ্ঞপ্তি

রহমাতুননেছা শিক্ষা উন্নয়ন ফাউন্ডেশন (আরএসইউএফ) জাতীয় পর্যায়ের একটি বেসরকারী উন্নয়ন সংস্থা। সংস্থাটির পরিচালিত বৈদেশিক সাহায্যপুষ্ট প্রাক-প্রাথমিক বিদ্যালয় **'আমাদের বিদ্যালয় (Our School)'**-এর শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য নিম্নবর্ণিত পদসমূহে যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিকট থেকে আবেদন পত্র আহ্বান করা হচ্ছে।

পদের নাম	পদ সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা ও যোগ্যতা	বেতন
চীফ ফ্যাসিলিটেটর	**০১ টি**	অনূর্ধ্ব ৩৫ বছর	যেকোনো বিষয়ে স্নাতকোত্তর/স্নাতক পাশ	১. শিশুকে স্নেহ ও ধৈর্যের সাথে পরিচালনার মন-মানসিকতা থাকতে হবে। ২. পূর্বে শিক্ষকতা/শিক্ষা প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। ৩. কম্পিউটার চালনা (MS Office, Internet) ও রিপোর্ট লেখায় দক্ষতা থাকতে হবে। ৪. শিশুদের জন্য আনন্দময় শিক্ষা পরিবেশ তৈরিতে সৃজনশীলতা থাকতে হবে। ৫. বাংলা ও ইংরেজিতে সাবলীল যোগাযোগ দক্ষতা থাকতে হবে। ৬. নাচ, গান, ছড়া বা চিত্রাঙ্কনে পারদর্শী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। ৭. কর্মী ব্যবস্থাপনা ও কর্মীর দক্ষতা বৃদ্ধিতে অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। ৮. ব্যক্তিকে অবশ্যই ধৈর্যশীল হতে হবে।	শিক্ষানবিশ কালে সর্বসাকুল্যে মাসিক ২০,০০০/- (বিশ হাজার) টাকা। [বি:দ্র: স্থায়ীকরণের পর সংস্থার নিয়ম অনুযায়ী স্কেল/বেতন ধার্য করা হবে।]
ফ্যাসিলিটেটর	**০৩ টি**	অনূর্ধ্ব ৩০ বছর	যেকোনো বিষয়ে স্নাতক পাশ	১. শিশুদের প্রতি যত্নশীল, বিনয়ী, সহনশীল ও সদয় হতে হবে। ২. পূর্বের শিক্ষকতার অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে। ৩. বেসিক কম্পিউটার চালনায় প্রাথমিক জ্ঞান থাকতে হবে। ৪. বাংলা ও ইংরেজিতে সাধারণ পড়া ও লেখার পূর্ণ দক্ষতা থাকতে হবে। ৫. নাচ, গান, ছড়া বা চিত্রাঙ্কনে পারদর্শী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। ৬. ইংরেজি ভাষায় সাবলীল যোগাযোগ দক্ষতা ও সুন্দর হাতের লেখা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হবে।	শিক্ষানবিশ কালে সর্বসাকুল্যে মাসিক ১৫,০০০/- (পনের হাজার) টাকা মাত্র। [বি:দ্র: স্থায়ীকরণের পর সংস্থার নিয়ম অনুযায়ী স্কেল/বেতন ধার্য করা হবে।]
সহকারী ফ্যাসিলিটেটর	**০১ টি**	অনূর্ধ্ব ৪০ বছর	নূন্যতম এইচ.এস.সি পাশ	১. শিশুদের পরিচর্যা ও যত্ন নেওয়ার মানসিকতা থাকতে হবে। ২. কর্মঠ, বিনয়ী, দায়িত্বশীল ও সৎ হতে হবে। ৩. প্রাথমিক স্বাস্থ্য ও পরিচ্ছন্নতা রক্ষায় সচেতন হতে হবে। ৪. শিশু বিকাশ কেন্দ্র/স্কুলে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে। ৫. শুধুমাত্র মহিলা প্রার্থীরা আবেদন করতে পারবে।	শিক্ষানবিশ কালে সর্বসাকুল্যে মাসিক ১২,০০০/- (বারো হাজার) টাকা। [বি:দ্র: স্থায়ীকরণের পর সংস্থার নিয়ম অনুযায়ী স্কেল/বেতন ধার্য করা হবে।]

আগ্রহী প্রার্থীদের স্ব-হস্তে লিখিত আবেদন, পূর্ণ জীবনবৃত্তান্ত, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ কপি রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার কপি, অভিজ্ঞতার সনদের কপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, জরুরি মোবাইল নম্বরসহ আগামী **২৬ নভেম্বর ২০২৬ ইং** তারিখের মধ্যে নিম্ন ঠিকানায় ডাকযোগে অথবা ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে। বাছাইকৃত প্রার্থীদেরকে মোবাইল ফোনের মাধ্যমে নিয়োগ পরীক্ষার জন্য ডাকা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। যেকোন সুপারিশ প্রার্থীর ক্ষেত্রে অযোগ্যতা বলে বিবেচিত হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই এ বিজ্ঞপ্তি সম্পূর্ণ বা আংশিক বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

বরাবর, পরিচালক আরএসইউএফ, গ্রাম: পাতুরিয়া, ডাকঘর: ঘি-কমলা, ইউনিয়ন: সাওরাইল, উপজেলা: কালুখালী, জেলা: রাজবাড়ী।
মোবাইল: ০১৩৩৪ ৯৪৪১২২, ০১৩৩৪ ৯৪৪১৩৩, ই-মেইল: rsufbd@gmail.com, ওয়েব: rsuf.org